নৌকার প্রার্থী কৃষ্ণপদ দত্তের প্রতি আস্থা কালীচরণপুর ইউনিয়নবাসির

ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়ন জুড়ে এখন একটি কথাই উচ্চারিত হচ্ছে নৌকার প্রার্থী কৃষ্ণপদ দত্ত কি আসলেই অসুস্থ ? এই অপপ্রচারে গোটা ইউনিয়ন জুড়ে ক্ষোভ বিক্ষোভে সরব হয়ে উঠেছে তৃণমূলের রাজনীতি।

ইউনিয়ন আওয়াম লীগের রাজনীতি দ্বিধাবিভক্ত করতে কৃষ্ণপদ দত্তের বিরুদ্ধে মাঠে নেমেছেন একটি পক্ষ। একটি বিশেষ মহল পরিস্থিতি উত্তপ্ত ও সহিংস করে তুলতে কোমর বেধে নেমেছে বলে অভিযোগ উঠেছে। ইতিমধ্যে আওয়ামী লীগ মনোনীত চেয়ারম্যান প্রার্থী পরিবর্তনের দাবিতে শতাধিক নারী পুরুষ দিয়ে শহরে বিক্ষোভ ও মানববন্ধন করানো হয়েছে। কিন্তু কালীচারণপুরের সাধারণ মানুষ চলমান উন্নয়নকে সম্মুত রাখতে নৌকার প্রতিই আস্থা রাখছে।

সেক্ষেত্রে বর্তমান চেয়ারম্যান কৃষ্ণপদ দত্তকে তারা যোগ্য মনে করছেন। প্রার্থী পরিবর্তনের দাবীকে তারা ষড়যন্ত্র বলে মনে করছেন। কালীচরণপুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের আব্দুল বারী মেম্বার জানান, ছাত্রজীবন থেকেই কৃষ্ণপদ দত্ত ছাত্র রাজনীতির সাথে জড়িত। ২০০৬ সালে সরকারি বিরোধী আন্দোলনে অংশগ্রহণ করে বিএনপি জামায়াতের হামলায় গুরুতর আহত হন। দীর্ঘদিন তিনি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। সেই রেশ এখনো তিনি বয়ে বেড়াচ্ছেন।

৭ নং ওয়ার্ডের মেম্বার রেজাউল ইসলাম জানান, তিন যুগের রাজনৈতিক জীবনে কৃষ্ণপদ দত্ত দীর্ঘ দুই দশক যাবত ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত। বর্তমানে জেলা আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সম্পাদক পদে দায়িত্ব পালন করছেন। মগরখালী গ্রামের ময়েন উদ্দীন ও রেজাউল ইসলাম জানান, যারা প্রার্থী পরিবর্তনের দাবী তুলছে তারা আসলে সুযোগ সন্ধানী। ভোটের সময় তারা সরব, অন্য সময় নীরব।

বালিয়াডাঙ্গা গ্রামের শিমুল ইসলাম ও আব্দুল করিম জানান, কৃষ্ণ পদ দত্ত সম্পুর্ণ সুস্থ একজন মানুষ। তিনি সুস্থ কি অসুস্থ আওয়ামলীগের কেন্দ্রীয় জেলা আওয়ামী লীগের নেতারা বেশ ভাল করেই

জানেন। মহিষাডাঙ্গা গ্রামের রাজু হোসেন, মোবাচ্ছের হোসেন, নাচনা গ্রামের রফিকুল ইসলাম, আশরাফুল ইসলাম, ভগবান নগরের রোকন উদ্দীন, কাস্ট সাগরা গ্রামের শহীদুল মাস্টার জানান, ইউনিয়নের উন্নয়নে কৃষ্ণ পদ দত্তকে খুব প্রয়োজন। যারা প্রার্থী পরিবর্তনের দাবী তুলছে তারা নৌকা প্রতিকের ভালো চান না। তারা সুবিধাবাদী ও সুযোগ সন্ধানী।

বিষয়টি নিয়ে নৌকার প্রার্থী কৃষ্ণ পদ দত্ত বলেন, তিনি নিয়মিত গনসংযোগ করছেন। যারা প্রার্থী পরিবর্তন চাচ্ছেন তারা এলাকার উন্নয়ন চায় না।একটা স্বার্থান্বেষী মহল আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। আগামী নির্বাচনে আবারো বিপুল ভোটে জয়লাভ করবো। নৌকার সম্মান অক্ষুন্ন রাখতে বদ্ধ পরিকর ইউনিয়নবাসি।

জাতীয় সাংবাদিক সংস্থা মেহেরপুর জেলা শাখার ৩ সদস্যকে বহিস্কার

জাতীয় সাংবাদিক সংস্থা মেহেরপুর জেলা শাখার তিনজন সদস্যকে সংগঠনের শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বহিষ্কার করা হয়েছে। বহিস্কৃতরা হলেন, জাতীয় সাংবাদিক সংস্থার সাধারণ সম্পাদক মোঃ আতাউর রহমান, অর্থ সম্পাদক মোঃ নাজমুল হাসান রানা, দপ্তর সম্পাদক মোঃ তরিকুল ইসলাম।

জাতীয় সাংবাদিক সংস্থার কেন্দ্রীয় কমিটির সভাপতি মুহম্মদ আলতাফ হোসেন সাক্ষরিত এক পত্রে তাদের বহিষ্কার করা হয়।

ওই পত্রে বলা হয়েছে, গত ১৭ই মার্চ ২০২১ইং তারিখে জাতীয় সাংবাদিক সংস্থা মেহেরপুর জেলা শাখার কমিটি অনুমোদন দেওয়া হয়েছিল। কিছুদিন অতিবাহিত হওয়ার পরই উক্ত সংস্থার সাধারণ সম্পাদক মোঃ আতাউর রহমান, অর্থ সম্পাদক মোঃ নাজমুল হাসান রানা, দপ্তর সম্পাদক মোঃ তরিকুল ইসলাম সংস্থার নিয়ম বহির্ভুত কার্যকলাপ করে আসছে।

সেক্ষেত্রে আমরা তাদের পূর্ব থেকে সতর্ক করার পরও তারা আমাদের কথায় কর্ণপাত না করে সংগঠনের নিয়ম বহির্ভূত কাজ করেই চলেছে এবং উক্ত তিনজন চাঁদাবাজির মামলা মোকদ্দমায় জড়িয়ে পড়েছে। জাতীয় সাংবাদিক সংস্থার নাম উল্লেখ করে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ সম্মেলন হয়েছে। যা ৪০ বছরের ঐতিহ্যবাহি সংগঠন জাতীয় সাংবাদিক সংস্থার মান-সম্মান ক্ষুণ্ন হয়েছে। তাই কমিটির সদস্যগণের মতামতের ভিত্তিতে ও কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উপরোক্ত তিনজন সদস্যকে বহিষ্কার করা হয়।

মেহেরপুরে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের স্মারকলিপি প্রদান ও মানববন্ধন

দেশ নেত্রী খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবি জানিয়ে মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনের পরে তাদের দাবি সম্বলিত স্মারকলিপি জেলা প্রশাসক বরাবর প্রধান করেন। জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মুনসুর আলম খান তাদের স্মারকলিপি গ্রহণ করেন।
মেহেরপুর জেলা আইনজীবী ফোরামের সভাপতি এডভোকেট মারুফ আহমেদ বিজনের নেতৃত্বে মানববন্ধনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডভোকেট আনোয়ার হোসেন, ফরিদ উদ্দিন আহমেদ, এস এম সাইদুর রাজ্জাক, মোখলেছুর রহমান স্বপন প্রমূখ।

গাংনীতে পেশকার মোমিনকে চাপা দেয়া ট্রলি চালক গ্রেপ্তার

মেহেরপুরের প্রেসক্লাবের সাবেক সদস্য ও মেহেরপুর জজকোর্টের পেশকার মমিনুল ইসলামকে চাপা দেয়া ট্রলি ও তার চালক রোকুনুজ্জামান(৩৫)কে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ সোমবার(২৩ নভেম্বর) মধ্যরাতে গাংনী থানা পুলিশের একটি টীম তাকে তার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করে।
রোকুনুজ্জামান গাংনী উপজেলার গাড়াডোব গ্রামের আবু তৈয়ব আলীর ছেলে। তাকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) আব্দুর রাজ্জাক জানান, গত ২১ নভেম্বর সকালে নিজ অফিসে যাবার সময় সাবেক সাংবাদিক ও জজকোর্টের পেশকার মমিনুল ইসলামকে ইট বোঝাই ট্রলি দিয়ে চাপা দিলে তার মৃত্যু হয়। এ ঘটনায় রোকুনুজ্জামানকে আসামী করে একটি মামলা দায়ের করেন মমিনুলের মা মোমেনা খাতুন। এ মামলার আসামী হিসেবে রোকুনুজ্জামানকে গ্রেপ্তার করা হয়। সেই সাথে জব্দ করা হয় ঘাতক ট্রলিটিকে।

কুমিল্লায় সন্ত্রাসীদের গুলিতে কাউন্সিলরসহ দুজন নিহত

দিনদুপুরে সন্ত্রাসীদের গুলিতে কুমিল্লা সিটি করপোরেশনের (কুসিক) ১৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ মোহাম্মদ সোহেল (৫০) সহ দুজনকে হত্যা করা হয়েছে। হামলাকারীদের পিস্তলের ৯টি গুলি সোহেলের শরীরের বিভিন্ন অংশে বিদ্ধ হয়। এর মধ্যে দুটি গুলি সোহেলের মাথায়, দুটি বুকে, অন্য পাঁচটি পেট ও শরীরের বিভিন্ন স্থানে লাগে।

গতকাল সোমবার বিকেল ৪টার দিকে নগরীর পাথরিয়াপাড়া থ্রি স্টার

কাউন্সিলরকে হত্যা করা হয়েছে।

কুমিল্লার পুলিশ সুপার ফারুক আহমেদ বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে মাঠে রয়েছেন পুলিশের অতিরিক্ত সদস্যরা। পাশাপাশি অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরাও মাঠে রয়েছেন। এ ঘটনায় জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে।

পুত্রবধুকে পিটিয়ে আহত করেছে শশুর

মেহেরপুরের গাংনীতে পারিবারিক কলহের জের ধরে পুত্র বধু বিথী খাতুনকে (২০) পিটিয়ে আহত করেছেন তার শশুর।
সোমবার দুপুরের দিকে কথাকাটাকাটির এক পর্যায়ে শশুর তাকে মারধর করে। আহত বিথী খাতুন গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মামুন হোসেনের স্ত্রী।
আহতাবস্থায় বিথীকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়ি পাঠানো হয়।
বিথীর মামা মিয়ারুল ইসলাম জানান, সৎ শাশুড়ির সাথে বিথীর কলহের জের ধরে তার শশুর পিটিয়ে আহত করে ।

গাংনীর শালদহ গ্রামে স্কুল ছাত্রীর আত্মহত্যার চেষ্টা!

গাংনীতে মায়ের সাথে অভিমান করে বীষ পান করে আত্মহত্যার ব্যার্থ চেষ্টা করেছে স্কুল ছাত্রী সুমাইয়া আক্তার মিলি (১৫)।
রোববার দিবাগদ মধ্যরাতে বাড়ির পাশে বসে বীষপান করে সে। পরে অসুস্থ অবস্থয় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

নিয়ে আসেন পরিবারের লোকজন।
মিলি গাংনী উপজেলার শালদহ গ্রামের বীলপাড়া এলাকার প্রবাসী উজ্জল হোসেনের মেয়ে। সে শালদহ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্রী।
মিলি বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। তার অবস্থা এখন উন্নতের দিকে বলে জানিয়েছেন স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত স্যাকমো শরিফুল ইসলাম।

দামুড়হুদায় ভৈরব নদীতে অবৈধ বাঁধ উচ্ছেদ

দামুড়হুদায় উপজেলার সুবুলপুর গ্রামে ভৈরব নদীতে অবৈধ বাঁধ অপসারণ করলেন উপজেলা নির্বাহী অফিসার তাসলিমা আক্তার। সোমবার দিনভর অভিযান চালিয়ে এ বাঁধ উচ্ছেদ করা হয়।

জানাযায়, দামুড়হুদা উপজেলায় বাস্তপুর রঘুনাথপুর সুবুলপুর গ্রামের কতিপয় অসাধু মাছ ব্যবসায়ী নদী ও ভৈরবে আড়াআড়ি ভাবে বাঁশের বাঁধ দিয়ে মাছ শিকার করে আসছিলো দীর্ঘদিন। এমন সংবাদ পেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাসলিমা আক্তার ঘটনাস্থলে গিয়ে সুবুলপুর ভৈরব নদী থেকে ৫ টি বাঁধ অপসারণ করেন। ঘটনাস্থলে কোন জেলেকে না পাওয়ায় জরিমানা করা সম্ভব হয়নি। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারি কমিশনার (ভুমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা মৎস্য কর্মকর্তা আয়ুব আলি, ও দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাসলিমা আক্তার বলেন, আমি এবং এ্যসিল্যান্ড সাহেব মাঝে মাঝে অভিযান পরিচালনা করে বাঁধ মালিককের নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে। কিন্ত তারা আবারও ভৈরব নদীতে বাঁসের বাঁধ দিয়ে মাছ শিকার করে আসছে। তারই পরিপেক্ষিতে অভিযান পরিচালনা করে ৫ টি বাঁধ অপসারণ করা হয়।

৪৩ বছরে পদার্পণ ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠাতার ৪৩ বছরে পদার্পণ করেছে ইসলামী বিশ্ববিদ্যালয়। নানা আয়োজনের মধ্য দিয়ে বিশ^বিদ্যালয় দিবস উদযাপন করা হয়েছে। সোমবার বেলা সাড়ে ১০টায় দিবসটি উপলক্ষ্যে বিশ^বিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, আনন্দ শোভাযাত্রা, কেক কাটা, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

শোভাযাত্রা শেষে ক্যাম্পাসের আমবাগানে অবস্থিত বাংলা মঞ্চে এক আলোচনা সভায় অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভিসি প্রফেসর ড. শেখ আবদুস সালাম। বিশেষ অতিথি হিসেবে প্রো-ভিসি প্রফেসর ড. মাহবুবুর রহমান ও ট্রেজারার প্রফেসর ড. আলমগীর হোসেন ভূঁইয়া। এছাড়া স্বাগত বক্তব্য দেন বিশ^বিদ্যালয়ের উপ-রেজিস্টার এমদাদুল হক।

এরপর শিক্ষার্থীদের আলোচনা সভা শেষে বাংলা মঞ্চে কেক কাটা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. বাকী বিল্লাহ বিকুল। এরপর শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

সভায় ভিসি প্রফেসর ড. শেখ আবদুস সালাম বলেন, ‘শিক্ষক-শিক্ষার্থীদের বিভিন্ন অর্জন আমাদের বরাবর অনুপ্রাণিত করে। শিক্ষা-গবেষণায় মনোনিবেশ করে আমরা শ্রেষ্ঠতর থেকে শ্রেষ্ঠতম বিশ্ববিদ্যালয়ের কাতারে দাঁড়াতে চাই। বিশ্ববিদ্যালয়ের জন্মদিনে এটাই প্রত্যাশা।’

উল্লেখ্য, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সর্বোচ্চ বিদ্যাপীঠ ইসলামী বিশ্ববিদ্যালয়। স্বাধীন বাংলাদেশে প্রতিষ্ঠিত প্রথম সরকারী বিশ্ববিদ্যালয় এটি। ১৯৭৯ সালের ২২শে নভেম্বর কুষ্টিয়া-ঝিনাইদহ জেলার মধ্যবর্তী স্থান শান্তিডা-দুলালপুরে বিশ্ববিদ্যালয়ের ভিত্তি পস্তর স্থাপন করেন তৎকালীন প্রেসিডেন্ট জিয়াউর রহমান।

১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষ থেকে ৪টি বিভাগে ৮জন শিক্ষক ও ৩০০ শিক্ষার্থী নিয়ে শুরু হয় একাডেমিক কার্যক্রম। নানা প্রতিকূলতা পেরিয়ে সোমবার প্রতিষ্ঠার ৪৩ বছরে পা রাখলো ১৭৫ একরের এ বিদ্যাপীঠ।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ৮টি অনুষদের অধীন রয়েছে ৩৪টি বিভাগ। রয়েছে ৩৯০ জন শিক্ষক ও ১৫ হাজার ৩৮৪ জন শিক্ষার্থী এবং ৭৯১ জন কর্মকর্তা-কর্মচারী। বর্তমানে প্রায় অর্ধশত বিদেশি শিক্ষার্থী অধ্যয়ন করছেন এখানে।

মুজিবনগরে নবনির্বাচিত ওয়ার্ড সদস্য বাবুল মল্লিককে সংবর্ধনা প্রদান

মুজিবনগরে ৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড বল্লভপুর, রতনপুর গ্রামের নব নির্বাচিত ওয়ার্ড সদস্য মিস্টার বাবুল মল্লিক কে সংবর্ধনা প্রদান করেছে বল্লভপুর গ্রামের সাধারণ গ্রামবাসীরা।

সংবর্ধনা উপলক্ষে সোমবার সন্ধায় বল্লভপুর খ্রিস্টান কবরস্থানের পাশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বল্লভপুর গ্রামের বিশিষ্ট ব্যক্তির তপু বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংবর্ধিত ওয়ার্ড সদস্য মিস্টার বাবুল মল্লিক। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক অশোক মল্লিক,টিঙ্কু মল্লিক,প্রল্হাদ পাল,মনজু মল্লিক,ওয়াসিম শেখ,ইলিয়াস মল্লিক।

অনুষ্ঠানের শুরুতে নাচ ও গানের তালে ফুলের তোড়া দিয়ে নবনির্বাচিত ওয়ার্ড সদস্য কে সংবর্ধনা প্রদান করেন গ্রামবাসী।পরে অনুষ্ঠানে গঠনমূলক বক্তব্য প্রদান করেন বল্লভপুর মুসলিম পাড়া যুব উন্নয়ন ক্লাবের উপদেষ্টা সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান শের খান, বিনিময় বিশ্বাস, শুকলাল বাবু, রবিন মল্লিক, ডেবিট মন্ডল, বাবলা মল্লিক প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে নবনির্বাচিত ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক বলেন বল্লভপুর রতনপুর গ্রামের সমস্ত মানুষ আমাকে ভোট দিয়ে নির্বাচিত করেছেন, সাধারণ মানুষের সেবা করার সুযোগ দিয়েছেন আমি সেই সুযোগ কাজে লাগিয়ে আপনাদের সেবা করে যাব। আমি ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড কে নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী মাদকমুক্ত ওয়ার্ড হিসাবে প্রতিষ্ঠা করব। আগামী পাঁচ বছরে এই ওয়ার্ডকে মডেল ওয়ার্ড হিসাবে গড়ে তোলার জন্য তিনি গ্রামের সকল মানুষের সহযোগিতা কামনা করেন।